দৈনিক ইনকিলাব

তারিখ 15 FEB 1994
পৃষ্ঠা ১ কলাম ৬

০৬

## সংসদে প্রশ্নোত্তর

# চলতি বছর স্কুল মাদ্রাসা কলেজ উন্নয়নে ২৪৬ কোটি টাকা ব্যয় হবে

—শিক্ষামন্ত্রী

॥ সংসদ রিপোর্টার ॥

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেছেন, বাংলাদেশ সরকারের নিজস্ব তহবিল এবং বিভিন্ন দেশ ও দাতা গোষ্ঠীর অর্থানুকূল্যে '৯৩-৯৪ অর্থবছরে দেশে ৫২৬টি কলেজ, ১,৫১২টি মাধ্যমিক বিদ্যালয়, ১৩৭টি মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ৫০৮টি মাদ্রাসা ও ১০৩৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ, পুনঃনির্মাণ ও মেরামত করার প্রক্রিয়া চলছে। গতকাল

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## সংসদে প্রশ্নোত্তর

প্রথম পৃষ্ঠার পর

জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে অধ্যাপক রফিকুল ইসলামের এক প্রশ্নের জবাবে মন্ত্রী একথা বলেন। মন্ত্রী জানান, উক্ত উন্নয়ন কাজে মোট ২৪৫ কোটি ৭৪ লাখ ৬২ হাজার টাকা ব্যয় হবে।

জনাব শরফউদ্দিন খসরুর প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, বিদ্যালয়বিহীন এলাকায় ৩,৯৫৮টি স্বল্পব্যয়ে বিদ্যালয় স্থাপন করা হবে।

জনাব এবায়দুর রহমান চৌধুরীর প্রশ্নে মন্ত্রী বলেন, দেশে প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার উপযোগী শিশুর সংখ্যা ১ কোটি ৬৮ লাখ ৯৭ হাজার ৭৮৩ জন। '৯৩ সালে দেশের মোট প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার উপযোগী শিশুর শতকরা ৮৩ ভাগ বিদ্যালয়ে ভর্তি হয়েছে।

জনাব মোহাম্মদ আব্দুস সোবহান-এর প্রশ্নের জবাবে তিনি বলেন, দেশে রেজিস্ট্রীকৃত এবতেদায়ী মাদ্রাসার সংখ্যা ১৭ হাজার ৪৮টি। শিক্ষকের সংখ্যা ৮৫ হাজার ২৪০ জন, ছাত্র সংখ্যা ১৭ লাখ ৪ হাজার ৮শ' জন।

জনাব মোহাম্মদ আব্দুল আওয়াল মিয়ার প্রশ্নের জবাবে তিনি বলেন, এ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুসারে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর আওতায় ৪;২১৫টি প্রাথমিক বিদ্যালয়ে ৫ লাখ ৪৬ হাজার ২৪০ জন ছাত্র-ছাত্রীর মধ্যে গম বিতরণ করা হয়েছে।